

এসএসসির ভূয়া প্রশ্ন দিয়ে অর্থ নেওয়া চক্রের চার সদস্য গ্রেপ্তার

নিজস্ব প্রতিবেদক

২৬ এপ্রিল ২০২৬, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

চলমান এসএসসি ও সমমান পরীক্ষার প্রশ্নপত্র দেওয়ার নামে অসাধু শিক্ষার্থীদের কাছ থেকে অর্থ হাতিয়ে নেওয়া চক্রের চার সদস্যকে গ্রেপ্তার করেছে কাউন্টার টেররিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি)। গ্রেপ্তাররা হলো- সিফাত আহমেদ সজীব, সালমান, মেজবাউল আলম মাহি এবং মহিউজ্জামান মুন্না।

গতকাল শনিবার ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান সিটিটিসি যুগ্ম পুলিশ কমিশনার মুনশী। তিনি বলেন, গত ২০ এপ্রিল সিটিটিসির অনলাইন ও গোয়েন্দা তথ্য বিশ্লেষণ বিভাগ সামাজিক মাধ্যমে নজরদারির সময় 'এসএসসি-২০২৬ কোর্সেশন পেপার ফাস্ট পেপার গ্রুপ' নামে একটি ফেসবুক পেজ শনাক্ত করে। প্রযুক্তির সহায়তায় ওই পেজের তথ্য বিশ্লেষণ করে একই দিন রাত সাড়ে ৮টার দিকে ঢাকার আশুলিয়ার তাজপুর থেকে অভিযান

চালিয়ে সিফাত আহমেদ সজীবকে গ্রেপ্তার করা হয়। সজীবের তথ্যের ভিত্তিতে গত বৃহস্পতিবার বগুড়ার ধুনট থেকে সালমানকে গ্রেপ্তার করা হয়। একই দিনে দিনাজপুর জেলার নবাবগঞ্জের দাদনপুর মালিপাড়া এলাকা থেকে মেজবাব আলম মাহিনকে গ্রেপ্তার করা হয়। তাদের তথ্যের ভিত্তিতে গত শুক্রবার সিরাজগঞ্জের তাড়াশের নওগাঁ ইউনিয়নের শাহ শরিফ জিন্দানি (রহ.) মাজারসংলগ্ন এলাকা থেকে মহিউজ্জামান মুন্সাকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ কমিশনার মুনশী আরও বলেন, চক্রটি দীর্ঘদিন ধরে প্রশ্নপত্র দেওয়ার নামে শিক্ষার্থী ও সাধারণ মানুষের কাছ থেকে টাকা আদায় করে আসছিল। এখন পর্যন্ত পাওয়া তথ্য অনুযায়ী, চলমান পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে তাদের দেওয়া প্রশ্নের কোনো মিল নেই। তারা মূলত আর্থিকভাবে লাভবান হতে প্রতারণা করেছে। চলমান সুষ্ঠু পরীক্ষাব্যবস্থাকে প্রশ্নবিদ্ধ করতে এ কাজ করেছে। তাদের ব্যবহৃত মোবাইল ফোন ফরেনসিক পরীক্ষা করা হয়েছে। তারা কতদিন ধরে এ প্রতারণা করে আসছে, কত টাকা নিয়েছে, এসব তথ্য জানার চেষ্টা চলছে। তাদের অন্য সহযোগীদের গ্রেপ্তারে অভিযান চালাচ্ছে সিটিটিসির স্পেশাল দল।